57

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 1-1 APR 1996 ...
পৃষ্ঠা 2 কলাম ৭

ষষ্ঠ শ্রেণীর গণিত বইয়ের যেন-তেন সম্পাদনা

ষষ্ঠ শ্রেণীর নিম্ন মাধ্যমিক গণিত বইখানির ল, সা, গু ও গ, সা, গু অধ্যায়ের প্রশ্নমালা ১'৪-এর ১০ নম্বর প্রশ্নে আছে '৪ জন লোক সায়েদাবাদ থেকে সকাল ৬টায় একই পথে যাত্রা শুরু করেন। তাঁরা প্রতি ঘন্টায় যথাক্রমে ১৬, ২০, ২৪, ও ৩২ কিলোমিটার পথ অতিক্রম করেন। কমপক্ষে কতদূর পথ অতিক্রম করার পরে তাঁহারা আবার একত্রে মিলিত হবেন ?' এইখানে ৪ জন লোকের গতিবেগ ভিন্ন ভিন্ন হওয়ায় এবং তাহাদের পথ বৃত্তাকার বা বর্তনী না হওয়ায় তাহারা কখনও একত্রে মিলিত হইবেন না। বরং যত সময় যাইবে, ততই তাহাদের মধ্যকার দূরত্ব বাড়িবে। তাই কোন কোন ছাত্র সহজেই অংকটির সমাধান করিতে পারিলেও বস্তুত তাহারা ভুল শিখিবে। প্রশ্নটি দ্বিতীয় বাক্যের পর নিম্নরূপ সংশোধন হইতে পারে—''তাঁরা প্রত্যেকে প্রতি ঘন্টা চলার পর পথ পার্শ্বে একটি করিয়া কলার খোসা নিক্ষেপ করেন। কমপক্ষে কতদূর পথ অতিক্রম করার পর এবং যাত্রা শুরু হইতে কত সময় পর তাঁদের সকলের কলার খোসা একই স্থানে পড়িবে ?''

একই প্রশ্নমালার ৫নং প্রশ্নে আছে—'কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ২০, ২৫, ৩০, ৩৬ ও ৪৮ দিয়ে ভাগ করিলে যথাক্রমে ১৫, ২০, ২৫ ৩১ ও ৪৩ ভাগশেষ থাকে ?' ইহাও একটি অসম্ভব প্রশ্ন। ইহার শুদ্ধি এমন হইতে পারে—'কোন্ ক্ষুদ্রতম সংখ্যাকে ২০, ২৪, ৩০, ৩৬ ও ৪৮ দিয়ে ভাগ করলে যথাক্রমে ১৫, ১৯, ২৫, ৩১ ও ৪৩ ভাগশেষ থাকে ?'

দুইটি সংখ্যার গ, সা,গু ও ল, সা গু-এর মধ্যকার সম্পর্ক বুঝাইতে উদাহরণ এ (পৃষ্ঠা-২৩) বলা হইয়াছে—'দুইটি সংখ্যার গ, সা, গু ১৫ এবং ল, সা, গু ২৪০। একটি সংখ্যা ৬০ হলে অন্যটি কত ?' এইখানে নিয়ম অনুযায়ী সমাধান করিলে দেখা যায় যে, অপর সংখ্যাটিও ৬০। তাই এই উদাহরণের 'দুইটি সংখ্যা', 'ল, সা, গু ও গ, সা, গু'—এই সবই অবান্তর। দুইটি সংখ্যাই যদি ৬০ হয় তবে তাহাদের গ, সা, গু ১৫ এবং ল, সা, গু ২৪০ কিভাবে হইবে ?' উদাহরণে সাধারণ (জেনারেলাইজ) উপাত্তের উপর ভিত্তি করিয়া প্রশ্ন সমাধানের পন্থা সহজভাবে বিধৃত হয়। অথচ এই উদাহরণে ব্যতিক্রমী উপাত্ত ব্যবহার করা হইয়াছে।

এমতাবস্থায় উপযুক্ত গণিতজ্ঞ দ্বারা উক্ত বইখানির শুদ্ধিপত্র প্রস্তুত করিয়া সত্বর স্কুলসমূহে পাঠাইবার ব্যবস্থা করিতে কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানাইতেছি।

—প্রকৌঃ মোঃ আমীর আহমেদ, ১৬১/৪ আহমদনগর, মিরপুর, ঢাকা।